

## Annual Examination : 2023-2024

বিষয় : বাংলা

শ্রেণি : ষষ্ঠ

সময় : ৩ ঘন্টা

মোট নম্বর : ৮০

### ক-বিভাগ (Group-A) : 10 marks

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

২ × ৫ = ১০

নেতাজী পরাধীন ভারতের এক বীর সেনানী। তিনি ছিলেন স্বাধীনতা আন্দোলনের এক মহানায়ক। নেতাজীর জন্ম উড়িষ্যার কটক শহরে ১৮৯৭ সালে ২৩শে জানুয়ারী। (বাবা জানকীনাথ বসু, মাতা প্রভাবতী দেবী) পিতা পেশায় নামকরা সরকারী উকিল। দেশবন্ধু চিত্তরঞ্জনের সংস্পর্শে এসেই শুরু হয় নেতাজীর রাজনৈতিক জীবন। (১৯৩৮ সালে কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন) তিনি 'ফরোয়ার্ড ব্লক' নামে নতুন দল গঠন করেন। ১৯৪১ সালে বন্দী নেতাজী ছদ্মবেশ ধারণ করে জার্মানি, জাপান, সিঙ্গাপুরে এসে গঠন করেন 'আজাদ হিন্দ ফৌজ' সেনাবাহিনী। (বিশ্বকবি রবীন্দ্রনাথ নেতাজীকে দেশনায়কের পদে বরণ করেছিলেন।)

ক) কে কাকে দেশ নায়কের পদে বরণ করেছিলেন?

খ) তাঁর বাবা ও মায়ের নাম কী?

গ) নেতাজী কতসালে 'আজাদ হিন্দ ফৌজ' গঠন করেন?

ঘ) কত সালে তিনি কংগ্রেস সভাপতি হিসেবে নির্বাচিত হন?

ঙ) নেতাজীর জন্ম কোথায় ও কখন হয়েছিল?

### খ-বিভাগ (Group-B) (35 Marks)

২। নীচের পদ্যাংশটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

১ × ৫ = ৫

আকাশ আমায় শিক্ষা দিল

উদার হতে ভাইরে;

কর্মী হবার মন্ত্র আমি

বায়ুর কাছে পাইরে।

পাহাড় শিখায় তাহার সমান

হই যেন ভাই মৌন-মহান

খোলা মাঠের উপদেশে  
দিল খোলা হই তাইরে।  
সূর্য আমায় মন্ত্রণা দেয়  
আপন তেজে জ্বলতে,  
চাঁদ শিখাল হাসতে মেদুর;  
মধুর কথা বলতে।

- ক) 'মন্ত্রণা' শব্দের অর্থ লিখ ?  
খ) আপন তেজে জ্বলতে কে আমাদের মন্ত্রণা দেয় ?  
গ) বায়ুর কাছে কী শিক্ষা পাই ?  
ঘ) চাঁদ শিখাল হাসতে \_\_\_\_\_। (শূন্যস্থান পূরণ করো)  
ঙ) আকাশ আমাদের কী শিক্ষা দেয় ?

৩। শুদ্ধ উত্তরটি লেখো :

১ × ৪ = ৪

- ক) আবিষ্কার / আবিস্কার / আবীষ্কার।  
খ) সর্বনাস / সর্বনাশ / সর্বনাষ।  
গ) পরিক্ষা / পরীক্ষা / পরীক্মা।  
ঘ) নিশব্দ / নীশব্দ / নি:শব্দ।

৪। বিপরীত শব্দ লেখো : নিরীহ, অনুকূল, নির্মল।

১ × ৩ = ৩

৫। পদ পরিবর্তন করো :

১ × ৩ = ৩

পরিচ্ছন্ন, প্রাণ, কঠোর।

৬। শব্দার্থ লেখো : সানাই, পাষণ, উৎসাহ।

১ × ৩ = ৩

৭। পদ নির্ণয় করো : শাঁখ, উৎফুল্ল, খাদ্য।

১ × ৩ = ৩

৮। বাক্য রচনা করো : নিশাচর, জীবনযাত্রা, বিষাক্ত, উন্নয়ন।

১ × ৪ = ৪

৯। নীচের প্রশ্নগুলোর উত্তর দাও :

৫ × ২ = ১০

ক) "নিশাচরেরা রাত্রে আহার করে কেন? 'তার নানা কারণ আছে।"

— উদ্ভৃতাংশটি কার, কোন্ রচনা থেকে নেওয়া হয়েছে? কোন্ কোন্ মানুষকে  
এরকম নিশাচর বলা হয়েছে? কেন নিশাচর  
বলা হয়েছে?

১ + ২ + ২ = ৫

খ) “শিখছি যে সব কৌতূহলে”

— কোন্ কবির, কোন্ কবিতার অংশ ? কেন বস্তু কৌতূহল সহকারে সব কিছু শিখছেন ?

২ + ৩ = ৫

### গ-বিভাগ (Group-C) 35 marks

২০। লিঙ্গ পরিবর্তন করো : সুন্দর, নদী, গোয়ালিনী। ১ × ৩ = ৩

২১। গদ্যরূপ লেখো : মোর, সকলের, গোলমালে, নতকরি। ১ × ৪ = ৪

২২। সম্বন্ধ বিচ্ছেদ করো : ব্যবহার, সংসার, দৃষ্টি ১ × ৩ = ৩

২৩। নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (যেকোনো দুটি) : ৫ × ২ = ১০

ক) বন্যপ্রাণী বলতে কি বোঝ ? বন্যপ্রাণী অবলুপ্ত হয়ে যাওয়ার তিনটি কারণ লেখো। ২ + ৩ = ৫

খ) “হাবা একটা কোথাকার” — আলোচ্য অংশটি কোন্ রচনার অন্তর্গত ? বস্তু কে ? কখন, কেন সে একথা বলেছিল ? ১ + ১ + ৩ = ৫

গ) “সে বাইরের উঠানে পা দিতেই দুর্গা” ২ + ৩ = ৫  
উদ্ভূতাংশের ‘সে’ কে ? দুর্গা কে ? দুর্গা তাকে কী করেছিল এবং কী বলেছিল ?

২৪। নীচের যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

ক) “শ্যাম বনানী সরসতা/আমায় দিল ভিক্ষা।” — আলোচ্য অংশটি কোন্ কবির, কোন্ কবিতার অংশ ? পঙক্তিটির মর্মার্থ ব্যাখ্যা কর। ২ + ৩ = ৫

খ) এমনি করে চাল নষ্ট দুর্ভিক্ষের কালে — কবিতার নাম এবং মূল কাব্যগ্রন্থের নাম লেখো। ‘দুর্ভিক্ষে চাল নষ্ট’ — মানে কী ? ২ + ৩ = ৫

২৫। পত্র রচনা : ৫

বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষে একটি আমন্ত্রণ পত্র লেখো।

২৬। অনুচ্ছেদ লেখো (যেকোনো ১টি) : ৫

ক) ত্রিপুরার একটি দর্শনীয় স্থান (খ) খেলাধুলার গুরুত্ব

অথবা

নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

১ × ৫ = ৫

খানিকটা পরে সর্বজয়া রান্নাঘরের দাওয়ায় বাঁটি পাতিয়া শসা কাটিতে বসিল (অপু কাছে বসিয়া পড়িয়া বলিল— আর এটু আটা বের করো না মা, মুখে বড্ড লাগে। দুর্গা নিজের ভাগ হাত পাতিয়া লইয়া সংকুচিত সুরে বলিল— চাল ভাজা নেই মা? অপু খাইতে খাইতে বলিল— উঃ চিবানো যায় না (আম খেয়ে দাঁত টকে-দুর্গার ভুকুটি মিশ্রিত চোখ-টেপায় বাধা পাইয়া তাহার কথা অর্ধপথেই বন্ধ হইয়া গেল) (তাহার মা জিজ্ঞাসা করিল - আম কোথায় পেলি?)

- ক) অপু দাঁতে টক লেগেছিল কেন?
- খ) তাহার মা কি জিজ্ঞাসা করিল তাকে?
- গ) দুর্গা মার কাছে কি চাইল?
- ঘ) সর্বজয়া কি কাটিতে বসিল?
- ঙ) অপু মাকে কি বের করতে বললো?

<https://www.tripuraboard.com>

Whatsapp @ 9300930012

Send your old paper & get 10/-

अपने पुराने पेपर्स भेजें और 10 रुपये पायें,

Paytm or Google Pay से